ওরে    শিকল, তোমায় কোলে করে দিয়েছি ঝঙ্কার।
তুমি    আনন্দে, ভাই, রেখেছিলে ভেঙে অহঙ্কার।
        তোমায় নিয়ে ক'রে খেলা    সুখে দুঃখে কাটল বেলা—
        অঙ্গ বেড়ি দিলে বেড়ী বিনা দামের অলঙ্কার॥
তোমার 'পরে করি নে রোষ,    দোষ থাকে তো আমারি দোষ—
ভয় যদি রয় আপন মনে তোমায় দেখি ভয়ঙ্কর।
        অন্ধকারে সারা রাতি    ছিলে আমার সাথের সাথি,
        সেই দয়াটি স্মরি তোমায় করি নমস্কার॥

---

Parjaay: Bichitro, Taal: Tritaal (Dhima), Style: Mishra Jhinjhat-Baul

Visit www.geetabitan.com for notation and other detail